



গত সোমবার চট্টগ্রাম জেলা প্রশাসকের হাতে পদক তুলে দেন বিভাগীয় কমিশনার

-সংবাদ

প্রাথমিক শিক্ষা পদক পেলেন চট্টগ্রাম জেলা প্রশাসক

চট্টগ্রাম ব্যুরো

জাতীয় প্রাথমিক শিক্ষা পদক ২০১৫ এর শ্রেষ্ঠ জেলা প্রশাসক ক্যাটাগরিতে শ্রেষ্ঠ জেলা প্রশাসক নির্বাচিত হলেন মেজবাহ উদ্দিন। চট্টগ্রাম জেলায় প্রাথমিক শিক্ষায় গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতিস্বরূপ এ পদক প্রদান করা হয় বলে জানান আয়োজকরা। জাতীয় প্রাথমিক শিক্ষা পদক ২০১৫ এ এবার ১৯টি ক্যাটাগরিতে পুরস্কার প্রদান করা হয়। গত সোমবার সকাল ১১টায় বিভাগীয় কমিশনার-এর সম্মেলন কক্ষে এ অনুষ্ঠানে পদক ও সার্টিফিকেট বিতরণ করেন চট্টগ্রাম বিভাগের বিভাগীয় কমিশনার মোহাম্মদ আব্দুল্লাহ। জাতীয় প্রাথমিক শিক্ষা পদক ২০১৫: বিভাগীয় পর্যায়ে পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রাথমিক শিক্ষায় অবদান রাখার জন্য পদক গ্রহণ করে চট্টগ্রাম জেলার জেলা প্রশাসক মেজবাহ উদ্দিন। তিনি বলেন, আমি অভ্যস্ত আনন্দিত। শুধু প্রাথমিক শিক্ষা নয় শিক্ষার সকল স্তরে উন্নয়নসহ বর্তমান সরকারের সকল উন্নয়নমূলক কাজে আমি প্রত্যক্ষ ও পরোক্ষ ভাবে অংশ নিয়ে দেশকে এগিয়ে নিতে চাই সামনের দিকে।